# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০১৯.২৪-০১

তারিখঃ ২৪/০৯/১৪৩২ বঙ্গাঃ
০৮/০১/২০২৬ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব লাল মোহন, চৌকিদার কাম মালী, নোয়াখালী পওর উপ-বিভাগ, বাপাউবো, নোয়াখালী বিগত ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তিনি অনুপস্থিতির পর হতে দপ্তরের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা করেননি এবং ছুটির জন্য কোন আবেদনও করেননি। অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য নোয়াখালী পানি উন্নয়ন বিভাগের ভিন্ন ভিন্ন ৬টি স্মারকমূলে কৈফিয়ত/ব্যাখ্যা তলব করা হলেও তিনি কোন লিখিত জবাব দাখিল করেননি। তার এরূপ আচরণ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং পলায়নের সামিল হওয়ায় তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ প্রবিধান ৫২ অনুযায়ী অভিযোগনামা প্রেরণ পূর্বক আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনায় কার্যধারাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় অভিযুক্ত কর্মচারির বিরুদ্ধে অভিযোগনামায় উল্লেখিত অভিযোগ সমূহ তদন্ত করার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(২)(গ) মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন ।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে দেখা যায় যে, তার বিরুদ্ধে বিগত ১৭/০৮/২০২২ তারিখ হতে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে। তার এরুপ কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ এবং ৪৮(গ) অনুযায়ী পলায়নের সামীল বিধায় উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী উক্ত কর্মচারীর কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ হতে তার ওপর বাপাউবোর্ডের চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। পরবর্তীতে বর্ণিত কর্মচারীর উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে কেন আরোপ করা হবে না, এ বিষয়ে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। উক্ত কারণ দর্শানোর নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি সংযোজন করতঃ রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। এছাড়াও কারণ দর্শানোর নোটিশটি ২টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয় এবং বোর্ডের ওয়েব সাইটেও প্রকাশ করা হয়। তদপ্রেক্ষিতে তাকে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানের নির্দেশনা প্রদান করলেও তিনি অদ্যাবধি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি ।

৪। জনাব লাল মোহন, চৌকিদার কাম মালী, নোয়াখালী পওর উপ-বিভাগ, বাপাউবো, নোয়াখালী এর বিরুদ্ধে আনীত তার উপর চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশটি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে অদ্যাবধি উক্ত নোটিশের কোন জবাব প্রদান না করা এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ উক্ত কর্মচারী বিগত ১৭-০৮-২০২২ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ায় যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ এবং ৪৮(গ) অনুযায়ী পলায়নের সামিল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০৮/২০২২খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবোর চাকরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

অঃ পৃঃ দ্রঃ

৫। উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব লাল মোহন, চৌকিদার কাম মালী, নোয়াখালী পওর উপ-বিভাগ, বাপাউবো, নোয়াখালী এর ওপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৭(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর চাকরি হতে 'বরখাস্ত' (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৬। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

(মোঃ আতিকুর রহমান)
পরিচালক (অঃ দাঃ)
পরিচিতি নম্বর-৬৮০২২৫০০১

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩. ০২৩.২৭.০১৯.২৪-০১ (১৪)

তারিখঃ ২৪/৯/১৪৩২ বঙ্গাঃ
০৮/০১/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফেনী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ফেনী।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/হিসাবরক্ষণ পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নোয়াখালী।
৭. সহকারী-পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ফেনী।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।
৯. জনাব জনাব লাল মোহন, চৌকিদার কাম মালী, নোয়াখালী পওর উপ-বিভাগ বাপাউবো, নোয়াখালী। পিতাঃ মৃত পুলি লাল, গ্রামঃ ৪ নং পৌরসভা সুইপার কোয়াটার, ডাকঘরঃ মাইজদি কোর্ট, থানাঃ সদর, জেলাঃ নোয়াখালী।

০৮/০১/২০২৬
(মোঃ শামীম হোসেন)
উপ-পরিচালক
পরিচিতি নং-৬৯১২১১০০১

ডায়েরী নং ৪৪
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
ডিজাইন ফরমিক
ডাটা এন্ট্রি কাম-কম্পিউটার
মুদ্রাক্ষরিক

তারিখঃ ১১/০১/২৬
আলোচনা/ব্যক্তিগত ফাইল
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

১১/০১/২০২৬
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Zakir pc\Zakir, S-1\order.s-1\Noakhali.doc21